

চার্জশিট অনুমোদন

(তারিখ: ০৭ আগস্ট, ২০১৮ খ্রি:)

গ্রাহকের টাকা ব্যাংক কর্মকর্তার আত্মসাৎ

মামলা নং: মতিঝিল(ডিএমপি)থানা মামলা নং ২২, তারিখ -১৬/০৩/২০১৭ ইং

তদন্তকারী কর্মকর্তার নামঃ মোহাম্মদ নেয়ামুল আহসান গাজী, উপসহকারী পরিচালক, দুদক, প্রধান কার্যালয়, ঢাকা।

আসামি:

(১) মোশারফ হোসেন, অফিসার, ব্যাংক এশিয়া, ব্যাংক এশিয়া লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল, ঢাকা

(২) জাকির হোসেন চৌধুরী, স্বত্ত্বাধিকারী মেসার্স জেড এইচ চৌধুরী ট্রেডার্স, লক্ষ্মীপুর।

তদন্তকালে দেখা যায় আসামিগণ পরস্পর যোগসাজশে ব্যাংক এশিয়া লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল ঢাকার "মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ" এর একাউন্ট হতে গ্রাহকের কোন প্রকার অনুমতি ছাড়াই বিগত ১৫/৬/২০১৫ খ্রি. তারিখে মেসার্স জেড এইচ চৌধুরী ট্রেডার্স, নামীয় একাউন্টে ইলেকট্রনিক ভাউচারের মাধ্যমে ৫,০০,০০০/- টাকা ট্রান্সফার করে এবং ট্রান্সফারকৃত টাকা সংশ্লিষ্ট একাউন্টের স্বত্ত্বাধিকারী মামলার আসামি জাকির হোসেন চৌধুরীর স্বাক্ষরিত দু'টি ক্যাশ চেকের মাধ্যমে গত ১৬/৬/২০১৫ ও ১৭/৬/২০১৫ খ্রি: তারিখে উত্তোলন করে আত্মসাৎ করেন।

উক্ত আত্মসাৎের বিষয়টি প্রায় ২ বছর পর গত ১২/৩/২০১৭ প্রকাশিত হওয়ার ১ দিন পর ১৩/৩/২০১৭ ও ১৪/৩/২০১৭ খ্রিঃ 'মেসার্স জেড এইচ চৌধুরী ট্রেডার্স' নামীয় একাউন্টে ৫,০০,০০০/- টাকা জমা করলে ১৫/৬/২০১৭ খ্রিঃ তারিখে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত একাউন্ট হতে সমপরিমাণ টাকা ডেবিট করে মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ এর একাউন্টে ট্রান্সফার করে ফেরত দেন। ব্যাংকের টাকা আত্মসাৎের অপরাধে ব্যাংক এশিয়া কর্তৃপক্ষ গত ১৬/৩/২০১৭ খ্রিঃ তারিখে অবৈধভাবে টাকা ট্রান্সফারকারী ব্যাংক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট একাউন্টের স্বত্ত্বাধিকারীকে আসামি করে ৫,০০,০০০/- আত্মসাৎের অপরাধে মামলা রুজু করেন।

তদন্তকালে আসামিদের বিরুদ্ধে ব্যাংকের ৫,০০,০০০/- টাকা আত্মসাৎের অপরাধ প্রমাণিত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা অভিযোগপত্র দাখিলের অনুমতি প্রার্থনা করলে কমিশন বিজ্ঞ আদালতে চার্জশিট দাখিলের অনুমোদন দিয়েছে।